# সৌদি গ্র্যান্ড মুফতির মৃত্যুতে প্রধান উপদেষ্টার গভীর শোক



সংগৃহীত ছবি

সৌদি আরবের গ্র্যান্ড মুফতি ও কাউন্সিল অব সিনিয়র স্কলার্সের প্রধান শেখ আবদুল আজিজ আল-শেখের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস। তিনি বলেন, মুসলিম উম্মাহ এক প্রাজ্ঞ আলেম ও ইসলামি চিন্তার দিকনির্দেশককে হারাল।

সৌদি আরবের গ্র্যান্ড মুফতি ও কাউন্সিল অব সিনিয়র স্কলার্সের প্রধান শেখ আবদুল আজিজ আল-শেখ ইন্তেকাল করেছেন। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) সকালে রিয়াদে বার্ধক্যজনিত কারণে ৮২ বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন।

তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস বলেন, "শেখ আবদুল আজিজ আল-শেখের ইন্তেকালের মধ্য দিয়ে মুসলিম উম্মাহ এক মহৎ আলেম এবং ইসলামি চিন্তার এক দিকনির্দেশক কণ্ঠস্বরকে হারিয়েছে। ইসলামের খেদমতে তার আজীবন নিবেদন, অমূল্য গবেষণা ও জ্ঞানচর্চা চিরস্মরণীয় হয়ে থাকবে। তার শূন্যতা ইসলামি বিশ্ব গভীরভাবে অনুভব করবে।"

LENS ASIA

শেখ আবদুল আজিজ আল-শেখ সাধারণ ফতোয়া ও গবেষণা সংস্থা এবং মুসলিম ওয়ার্ল্ড লীগের সুপ্রিম কাউন্সিলের প্রধান হিসেবেও গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। ইসলামি জ্ঞান ও নেতৃত্বে তার অবদান বিশ্বজুড়ে স্বীকৃত ছিল।

তিনি ১৯৬১ সালে রিয়াদের ইমাম মোহাম্মদ বিন সাউদ ইসলামিক বিশ্ববিদ্যালয়ের শরিয়াহ কলেজে উচ্চশিক্ষা শুরু করেন এবং ১৯৬৫ সালে আরবি ও ইসলামি শরিয়াহ বিষয়ে বিশেষায়িত ডিগ্রি অর্জন করেন।